

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়  
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা- ১২০৭।  
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নং- ৮০.১০৭.০১১.০০.০০.০১৫.২০১৬ - ৩৩২

তারিখ : ২৭ ডিসেম্বর - ২০১৬খ্রিঃ  
৩০ পৌষ-১৪২৩ বঙ্গাব্দ

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ১০ম গ্রেডের “মিডওয়াইফ” পদে সরাসরি নিয়োগের জন্য অনলাইনের মাধ্যমে আবেদনকৃত প্রার্থীদের বিপিএসসি ফর্ম-৩ জমাদান প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ১০ম গ্রেডের “মিডওয়াইফ” পদে সরাসরি নিয়োগের নিমিত্ত অনলাইনের মাধ্যমে যে সকল প্রার্থী আবেদনপত্র জমা দিয়েছেন তাদেরকে মূল আবেদনপত্র (Bpsc Form-3) কর্ম কমিশনের ওয়েব সাইট [www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd) থেকে ডাউনলোড করে যথাযথভাবে পূরণপূর্বক সংশ্লিষ্ট সকল শিক্ষাগত যোগ্যতা ও বাংলাদেশ নার্সিং কাউন্সিলের রেজিস্ট্রেশন সনদসহ সকল সনদপত্রের সত্যায়িত কপি এবং ০৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবিসহ আগামী ১২ জানুয়ারী থেকে ১৯ জানুয়ারী, ২০১৭ তারিখ অফিস চলাকালীন সময় সকাল-১০.০০ টা হতে বেলা ৩.০০ টার মধ্যে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকায় হাতে হাতে অথবা ডাকযোগে পরিচালক, ইউনিট-৭, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা বরাবরে জমা প্রদান করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে বিপিএসসি ফর্ম-৩ জমা দিতে ব্যর্থ হলে এবং কাগজপত্রের ঘাটতি থাকলে প্রার্থীদের MCQ type লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ থাকবে না এবং তার প্রার্থীতা বাতিল বলে বিবেচিত হবে।

২। উল্লেখ্য এ পদের শিক্ষাগত যোগ্যতার শর্ত অনুযায়ী শুধু মাত্র “কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে মিডওয়াইফারি বিষয়ে স্নাতক ডিগ্রী বা কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা ইন মিডওয়াইফারি সার্টিফিকেট এবং বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক নিবন্ধিত” প্রার্থীগণ যোগ্য বলে বিবেচিত হবেন।

৩। বিপিএসসি ফর্ম-৩ জমাদানের পর যোগ্য প্রার্থীদের MCQ type লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। MCQ type লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। MCQ type লিখিত পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে কমিশনের ওয়েব সাইট-এর [www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd) মাধ্যমে জানানো হবে।

৪। কোনো প্রার্থীর সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে MCQ type লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

[পড়াশুনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন;  
চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে]

২৭/১২/১৬

(শেখ শাখাওয়াৎ হোসেন)  
পরীক্ষা নিয়ন্ত্রক (নন- ক্যাডার)  
(যুগ্ম-সচিব)